

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮ ১৯

খোয়াই, ১৪ নভেম্বর, ২০২৪

আগামীকাল খোয়াই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস

আগামীকাল খোয়াই জেলার তুলাশিখর ব্লকের সীতেশ দেববর্মা স্মৃতি কমিউনিটি হলে খোয়াই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হবে। জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে। তাছাড়াও কমিউনিটি হল প্রাঙ্গণে ১৯টি দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হবে। আজ খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলন অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে একথা জানান। সাংবাদিক সম্মেলনে অতিরিক্ত জেলাশাসক জানান, খোয়াই জেলার মুঙ্গিয়াকামী ও তুলাশিখর ব্লকে ৯০৫টি সুবিধাভোগী পরিবারকে পিএম-জনমন প্রকল্পের আওতায় আনা হয়েছে। সুবিধাভোগী পরিবারগুলির মধ্যে ইতিমধ্যেই এসটি সার্টিফিকেট, আধার কার্ড, রেশন কার্ড, আয়ুস্মান কার্ড, কিষাণ ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে। তিনি জানান, জেলার বিভিন্ন ব্লকে ৩৭টি রাজস্ব ভিলেজে বসবাসকারী ৫০ শতাংশের উপর জনজাতি পরিবারগুলিকে ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান কর্মসূচির আওতায় আনা হবে। সাংবাদিক সম্মেলনে অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী উপস্থিত ছিলেন।
